

দাম্পত্যের অক্ষরমালা
অমিত সরকার

১

টেবিলে ব্রকফাস্ট সাজানো, ছুরি কাঁটা মরিচ ও নুন
খবরের কাগজ সামনে, বিশ্বকাপ, গণধর্ষণ
সেন্সের উঠেছে আবার। শুধু কিছু নিমতেতো জল
সবকিছুতে মিশে রয়েছে, বিঁধে আছে অমোঘ হারপুন

গাড়ি কি তোমার লাগবে, বলেছি তো প্রয়োজন নেই,
(যাবে তো মেয়েটার সঙ্গে, হোয়াটসঅ্যাপ ডাকছিল কাল)
(বসের সঙ্গে ফিরবে তাহলে, খুব জানি কীভাবে কাটবে বিকল)
দাম্পত্য ছুঁয়ে আছি, শূঁছি পাশাপাশি, অফিসেও যাচ্ছি দুজনেই

২

মায়াদর্পণ থেকে ঠিকরে আসছে আলো

ষাট পেরোনো মহিলাটি ছুটন্ত রাস্তা পেরোতে গিয়ে
চেপে ধরেছে সঙ্গী তরুণের ভরসার হাত।

সদ্য পঞ্চাশ বউটি ফুডকোর্ট এইমাত্র
বন্ধুর মুখে চামকে করে আইসক্রিম তুলে দিয়ে বললঃ
আয় তোকে খাইয়ে দিই, মুখটা নামা একটু।

এক্সপ্লেটরের সামনে প্রমিকের হাত ধরে তরুণী বিপন্নমুখ
'জানো, একবার পড়ে গিয়েছিলাম, তারপর থেকে উঠতে গেলে....'

আঠরো বছরের মেয়েটি গোপনে বলেছে
কোচিং থেকে ফেরার সময় প্লিজ একটু সঙ্গে থাকিস সুজয়,
এত অন্ধকার থাকে রাস্তার মোড়ে।
এরা কি দাম্পতি নয়, সম্পর্কে কি লেগে নেই আলো
পৃথিবী ভালোই জানে,
কিছু সত্যি রূপকতা একান্ত গোপন থাকা ভালো।